

“ফুজি জেরোক্স অস্ট্রেলিয়ার ২০০৮ কমিউনিটি সার্ভিস এওয়ার্ড” এ ভূষিত হলেন বাংলাদেশী আনিচুর রহমান



বিশিষ্ট বাংলাদেশী সমাজসেবক জনাব আনিচুর রহমান “ফুজি জেরোক্স অস্ট্রেলিয়ার ২০০৮ কমিউনিটি সার্ভিস এওয়ার্ড” পেলেন। এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে ফুজি জেরোক্সের ব্যবস্থাপনা পরিচালক এন্ডি লেম্বার্ট গত ২০শে নভেম্বর পুরস্কার সহ ২০০০ ডলারের একটি চেক হস্তান্তর করেন।

জনাব রহমান ২০০৬ সাল থেকে অস্ট্রেলিয়ায় সমাজসেবায় জড়িত এবং তিনি বাংলাদেশ কমিউনিটির শক্তিশালী সংগঠন বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি কেম্বেলটাউনের বর্তমান সভাপতি। তিনি পুরস্কারের সমুদয় অর্থ সমাজসেবার কাজে ব্যবহার করার জন্য সোসাইটিকে প্রদান করেছেন। এখানে উল্লেখ্য যে সোসাইটি প্রতি বছর বাংলামেলা সহ বিভিন্ন সমাজসেবা মূলক কর্মকাণ্ড করে কমিউনিটিতে বেশ সুনাম অর্জন করেছে। পেশায় তিনি একজন কম্পিউটার বিশেষজ্ঞ।